

B.A. 3rd Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-7

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ ২×১০=২০
- (ক) কোন কাব্যের আদর্শে 'বীরঙ্গনা কাব্য' রচিত হয়েছে এবং সেই কাব্যটি কার লেখা?
- (খ) "রসের সাগর তুমি, ভাবি দেখ মনে"— 'রসের সাগর'-কে? চরণটি যে পত্রিকার, তার পুরো নাম লেখো।
- (গ) "মুদিত কুমুদীরূপে আজি সায়ংকালে;
তুষ্টিও দাসীরে আসি শশধর-বেশে"— কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।
- (ঘ) "কিন্তু পূর্বকথা এবে স্মর, নরমণি!"— বক্তা কে? কোন পূর্বকথা স্মরণ করতে বলা হয়েছে?
- (ঙ) 'সারদামঙ্গল' কাব্যটি প্রথম কোন পত্রিকায় কবে প্রকাশিত হয়?
- (চ) "হে যোগেন্দ্র! যোগাসনে ঢুলু ঢুলু দুন্য়নে"— উক্তিটির বক্তা কে? 'যোগেন্দ্র' বলতে কাকে বোঝানো হয়েছে?
- (ছ) 'সারদামঙ্গল'-এর আখ্যানপত্রে উল্লিখিত শ্লোকটি কার লেখা, কোন গ্রন্থ থেকে সংগৃহীত?
- (জ) 'সারদামঙ্গল' কাব্যে উল্লিখিত ত্রিবিধ বিরহ কী কী?
- (ঝ) "হা দেবী, হা দেবী" বলি গুঞ্জরি কাঁদিয়ে অলি/নীরবে হরিণীবালা ভাসিবে নয়নজলে"— অলি ও হরিণীবালার ক্রন্দনের কারণ কী?
- (ঞ) "তমসা আকুল হয়ে কাঁদে উভরায়"— 'উভরায়' শব্দের অর্থ কী? তমসার আকুল কান্নার কারণ কী?
- (ট) "গত রাত্রে অভিনিবু"— কে অভিনয় করার কথা বলেছেন? নাটকটির নাম কী?
- (ঠ) "জনম মম মহাঋষিকুলে, তবু চণ্ডালিনী আমি"— বক্তা নিজেকে চণ্ডালিনী বলেছেন কেন?
- (ড) "জনক জননী/তাজিলা শৈশবে মোরে না জানি, কি পাপে?"— বক্তা কে? তার জনক-জননী কে?
- (ঢ) "সহসা ললাটভাগে, জ্যোতিষ্ময়ী কন্যা জাগে"— জ্যোতিষ্ময়ী কন্যাটি কে? কার ললাটে জ্যোতিষ্ময়ী কন্যার আবির্ভাব ঘটেছে?
- (ণ) "মহান উদার সৃষ্টি প্রকৃতি তোমার"— 'সারদামঙ্গল' অনুসরণে এই মহান উদার সৃষ্টির বর্ণনা দাও।
২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×৪=২০
- (ক) "আশীর্ব্বাদ-ছলে মনে নমিতাম আমি!"— উক্তিটির বক্তা কে? আলোচ্য অংশ অবলম্বনে বক্তার মনোভাবটি বিশ্লেষণ করো। ১+৪=৫
- (খ) "জানি আমি কহে লোকে রথীকুলপতি পার্থ। মিথ্যা কথা; নাথ!"— 'নাথ' কে? 'রথীকুলপতি' হিসেবে পার্থর মিথ্যে পরিচয় তুলে ধরতে বক্তা কোন কোন উদাহরণ দিয়েছেন তা লেখো। ১+৪=৫
- (গ) সূৰ্পনখার বীরঙ্গনাসত্তার পরিচয় দাও। প্রসঙ্গত পত্রিকাটি কাব্যের কতসংখ্যক পত্রিকা তা উল্লেখ করো। ১+৪=৫

- (ঘ) 'সারদামঙ্গল' কাব্যের নামকরণে 'মঙ্গল' শব্দটি ব্যবহারের তাৎপর্য আলোচনা করো। ৫
- (ঙ) 'সারদামঙ্গল' কাব্যে সংস্কৃত সাহিত্যের কোন কোন কবির প্রভাব লক্ষ্য করা যায় তা উল্লেখ করে, কাব্যের প্রথম সর্গে কবি উষামূর্তির যে চিত্র অঙ্কন করেছেন তার স্বরূপ নির্ণয় করো। ২+৩=৫
- (চ) নন্দনকানন বলতে কী বোঝায়? 'সারদামঙ্গল' কাব্যের দ্বিতীয় সর্গে কবি নন্দনকাননের যে বর্ণনা দিয়েছেন তা তোমার ভাষায় লেখো। ১+৪=৫

৩. নীচের প্রশ্ন দুটির উত্তর দাওঃ

১০×২=২০

- (ক) 'বীরঙ্গনা কাব্য'-এর নামকরণের সার্থকতা বিচার করো।

১০

অথবা,

“তারার প্রেমে রয়েছে প্রথানুগত্যের বিরুদ্ধে তীব্র বিদ্রোহ”— ব্যাখ্যা করো। আলোচ্য পত্রিকাটির উৎস লেখো।

৮+২=১০

- (খ) “বিহারীলালই প্রকৃত অর্থে প্রথম রোমান্টিক বাঙালি কবি”— 'সারদামঙ্গল' কাব্যে অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

অথবা,

'সারদামঙ্গল' কাব্যে ত্রিকালের সারদার যে পরিচয় আছে তার স্বরূপ আলোচনা করো। কাব্যটির স্তবক সংখ্যা উল্লেখ করো। ৯+১=১০